বাজেট সাধারণ নিম্নবিত্ত মধ্যবিত্ত মানুষের কল্যাণকর। তিনি বলেন বিভিন্ন ক্ষেত্রে অর্থ বরাদ্দের ফলে উন্নয়নের ধারা আরো গতিশীল হবে । অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পশ্চিম জেলার সভাধিপতি বলাই গোস্বামী, বামুটিয়া মন্ডল সভাপতি শিবেন্দ্র দাস, গোমতী ডায়েরির চেয়ারম্যান রতন ঘোষ, বামুটিয়া প্রাক্তন মন্ত্রী প্রকাশ চন্দ্র দাস, প্রাক্তন বিধায়ক কৃষ্ণদাস, প্রাক্তন জেলা জেলার সভাপতি অসিত রায়, গ্রামীণ জেলার সভাপতি গৌরাঙ্গ ভৌমিক, মন্ত্রী সুশান্ত চৌধুরী, প্রমূখ।

*********************

**I&B Minister:**

তথ্য ও সম্প্রচার এবং রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব গতকাল গোরখপুর রেলস্টেশন পরিদর্শন করেন এবং গোরখপুর জংশনের প্রস্তাবিত মডেল পর্যালোচনা করেন। রেলওয়ের আধিকারিকরা মন্ত্রীকে মডেল স্টেশনের বিস্তারিত তুলে ধরেন। গোরখপুরের সংস্কৃতি ও ঐতিহ্যের কথা মাথায় রেখে স্টেশনের নকশা করা হয়েছে। তিনি জানান, বিমানবন্দরের নতুন টার্মিনালের কাছে একটি নতুন রেলস্টেশন নির্মাণের পরিকল্পনা তৈরি করতে আধিকারিকদের নির্দেশ দেয়া হয়েছে।

**************************

**National Games :**

উত্তরাখণ্ডে অনুষ্ঠিত ৩৮তম জাতীয় গেমসের এপর্যন্ত মোট ৩০০টি স্বর্ণপদকের ফয়সলা হয়েছে। এরমধ্যে ৪২টি স্বর্ণপদক নিয়ে সার্ভিসেস স্পোর্টস কন্ট্রোল বোর্ড তালিকার শীর্ষে রয়েছে। ৩১টি স্বর্ণপদক নিয়ে কর্ণাটক দ্বিতীয় স্থানে এবং ২৯টি স্বর্ণপদক নিয়ে মহারাষ্ট্র তৃতীয় স্থানে রয়েছে।

